

তারিখ .....
পৃষ্ঠা .....
বসতি .....

## দিঘলিয়া উপজেলার ৬১টি প্রাঃ বিদ্যালয়ে নানা সমস্যা ॥ শিক্ষাদান বিঘ্নিত

দিঘলিয়া (ধুলনা) থেকে সংবাদদাতা ॥ কমিউনিটি ও গ্যাটেলাইট স্কুলসহ দিঘলিয়া উপজেলার ৬১টি প্রাথমিক বিদ্যালয়ে বহুবিধ সমস্যা বিরাজমান। এ সব সমস্যার কারণে গড়ে ১৭ হাজার ছাত্র-ছাত্রীর পড়াশুনা বিঘ্নিত হচ্ছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ছাত্র-ছাত্রীর আধিক্যের কারণে অধিকাংশ স্কুলে স্থান সঙ্কুলান হচ্ছে না। ছাত্র-ছাত্রীদের পাড়িয়ে ক্লাস করতে হয়। পর্যাপ্ত চেয়ার, বেঞ্চসহ অন্যান্য আসবাবপত্র ও শিক্ষা উপকরণ নেই। সেনহাটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দু'শিকটে ক্লাস নিয়েও শিক্ষার্থীদের ক্লাসে স্থান দেয়া যাচ্ছে না।

চন্দনীমহল সরকারী প্রাথমিক বিদ্যালয়টিরও একই অবস্থা। প্রচুর ছাত্র-ছাত্রী থাকায় এদের ক্লাসে জায়গা দেয়া যাচ্ছে না। এ স্কুল দু'টিসহ বেশ কিছু স্কুলের শ্রেণীকক্ষ সংস্কার ও আসবাবপত্র বরাদ্দ দেয়া প্রয়োজন।

কানারগাঁতি পশ্চিম সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র সংকটের কারণে শিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। আমবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ও লাখোহাটি (পূর্ব) সরকারী প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত জমিনা থাকায় বহুবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। রাধানাথবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নদী ভাঙ্গনের কবলে পড়েছে। ভাঙ্গন রোধ করা না গেলে বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হতে পারে।